42

দৈনিক ইত্তেফাক

তারিখ 28 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ১

# আবাসিক ছাত্রদের স্ব স্ব হলে প্রত্যাবর্তনের সুযোগ দিতে হইবে

............................................ ছাত্রদল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (মঙ্গলবার) ছাত্রদল কেন্দ্রীয় সংসদের উদ্যোগে এক জরুরী সভায় অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল হইতে সন্ত্রাসীদের উচ্ছেদ ও বহিরাগতদের গ্রেফতারের মাধ্যমে আবাসিক ছাত্রদের স্ব স্ব হলে প্রত্যাবর্তনের সুযোগ সৃষ্টি করিয়া শিক্ষার সুষ্ঠু এবং স্বাভাবিক পরিবেশ

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## ছাত্রদল

(১ম পৃষ্ঠার পর)

ফিরাইয়া আনার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানান হইয়াছে।

ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি নাসির উদ্দিন পিন্টুর সভাপতিত্বে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় বক্তব্য রাখেন ছাত্র দল নেতা আঃ খালেক, মোশাররফ হোসেন, সাহাবুদ্দিন লাল্টু, মনোয়ার হোসেন রানা, মনির হোসেন, সাইফুল আলম নিরব প্রমুখ। সভায় বলা হয়, শেখ হাসিনা ক্ষমতাসীন হওয়ার পর হইতেই ঢাকা ভার্সিটি-সহ সমগ্র দেশের শিক্ষা ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িয়াছে। বিশ্ববিদ্যালয়ের ৪টি হল হইতে ছাত্রদের বাহির করিয়া দিয়া ছাত্রলীগের সন্ত্রাসীরা দখল নিয়াছে। ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতার না করিয়া বৈধ ছাত্রদের পুলিশ আটক করিতেছে। ছাত্রদলের শান্তিপ্রিয় নেতা-কর্মীরা হলে থাকিতে না পারিয়া এক সপ্তাহ একই কাপড়ে যত্রতত্র কষ্টের মধ্যে দিনযাপন করিতেছে। সভায় শিক্ষাঙ্গনের 'দুঃসহ পরিবেশ' সৃষ্টির জন্য প্রধানমন্ত্রীকে দোষারোপ করা হয়।

এদিকে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ছাত্র ধর্মঘটের সমর্থনে গতকাল ক্যাম্পাসে মিছিলশেষে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এক সমাবেশে দলের ভারপ্রাপ্ত সভাপতি নাসির উদ্দিন আহমদ পিন্টু ছাত্রদলের সভাপতিসহ গ্রেফতারকৃত দলীয় নেতা-কর্মীদের মুক্তির দাবী জানান। তিনি বলেন, অস্ত্র উদ্ধারের নামে ছাত্রদল নেতা-কর্মীদের উপর নির্যাতন চালান হইতেছে। বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের বাসায় তল্লাশী চালাইলে অস্ত্রের ভাণ্ডার পাওয়া যাইবে। সমাবেশে মনোয়ার হোসেন রানা, মনির হোসেন প্রমুখ বক্তৃতা করেন।